


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন-৪ অধিশাখা)
www.minland.gov.bd



স্মারক নম্বর ৩১.০০.০০০.০৪৫.০৪৫.৫৩.০৩২.১৭-১১৯

তারিখ : ১৩/০৫/২০২০ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ 'অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ ও উক্ত আইনের আওতায় প্রণীত খসড়া বিধিমালা, ২০২০' এর কপি প্রেরণ।

সূত্রঃ ভূমি সচিব মহোদয়ের অফিস কক্ষে ১২/০৫/২০২০ তারিখের সদয় মৌখিক নির্দেশ।

ভূমি সচিব মহোদয় অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন বাস্তবায়নের লক্ষ্যে উক্ত আইনের আওতায় প্রাপ্ত সরকারি সম্পত্তি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২০ এর খসড়া মূল আইনের ভাব-গাভীর্য বজায় রেখে খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে প্রণীত খসড়াটি আরো পর্যালোচনা প্রয়োজন মর্মে অভিমত ব্যক্ত করেন। এজন্য মূল আইন ভালোভাবে পড়ে তার আলোকে খসড়া গভীরভাবে (read between lines) পঠনান্তে চিন্তাকরণ এবং মূল আইনের মূল ভাবের (essence) সাথে মিল রেখে প্রস্তুতকৃত খসড়ার উপর মন্ত্রণালয়ের প্রত্যেক কর্মকর্তার স্বতন্ত্র, বস্তুনিষ্ঠ মতামত গ্রহণ প্রয়োজন মর্মে জানান। এজন্য তিনি মূল আইন এবং প্রস্তুতকৃত বিধিমালার খসড়া ভূমি মন্ত্রণালয়ের সহকারী সচিব থেকে শুরু করে উর্দ্ধতন সকল কর্মকর্তা নিকট (অফিস বা আবাসিক ঠিকানায়) আবশ্যিকভাবে পৌঁছানোর জন্য নির্দেশনা দেন।

০২। কর্মকর্তাদের নিকট উক্ত কপি পৌঁছানোর দায়িত্ব মন্ত্রণালয়ের প্রশাসন উইং নিশ্চিত করবেন মর্মে সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। অপরদিকে মন্ত্রণালয়ের আইন-৪ অধিশাখা উল্লিখিত আইন এবং প্রস্তাবিত বিধিমালার কপি প্রশাসন উইং এ সরবরাহ করবে মর্মে তিনি নির্দেশনা দেন। এ নির্দেশনার আলোকে উল্লিখিত আইন এবং খসড়ার কপি নির্দেশক্রমে তীর বরাবর প্রেরণ করা হলো।

০৩। উল্লেখ্য, সচিব মহোদয় বিষয়টি মনিটর করবেন মর্মে উপস্থিত কর্মকর্তাদের জানান।

সংযুক্তি:

- (১) অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ (সকল সংশোধনী সমন্বিত)– ১২ (বার) পাতা;
- (২) প্রস্তাবিত 'অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন অনুযায়ী প্রাপ্ত সরকারি সম্পত্তি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২০' (খসড়া)-এর কপি-১১ (এগার) পাতা।

R ১৩/০৫/২০
মোঃ রাশেদুল হাসান
যুগ্মসচিব
ফোন : ৯৫৪০১৬৮

যুগ্মসচিব (প্রশাসন)
ভূমি মন্ত্রণালয়।

অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১
(২০০১ সনের ১৬ নম্বর আইন)
(সকল সংশোধনী সমন্বিত)

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১১ই এপ্রিল, ২০০১ (২৮শে চৈত্র, ১৪০৭) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০০১ সনের ১৬নং আইন (২০১৩ পর্যন্ত সংশোধিত)

অর্পিত সম্পত্তি হিসাবে তালিকাভুক্ত কতিপয় সম্পত্তি বাংলাদেশী মূল মালিক বা তাহার বাংলাদেশী উত্তরাধিকারী বা উক্ত মূল মালিক বা উত্তরাধিকারীর বাংলাদেশী স্বার্থাধিকারী (Successor-in-interest) এর নিকট প্রত্যর্পণ এবং আনুষংগিক বিষয়াদি সম্পর্কে বিধান প্রণয়নকল্পে প্রণীত আইন।

যেহেতু অর্পিত সম্পত্তি হিসাবে তালিকাভুক্ত কতিপয় সম্পত্তি বাংলাদেশী মূল মালিক বা তাহার বাংলাদেশী উত্তরাধিকারী বা উক্ত মূল মালিক বা উত্তরাধিকারীর বাংলাদেশী স্বার্থাধিকারী (Successor-in-interest) এর নিকট প্রত্যর্পণ এবং আনুষংগিক বিষয়াদি সম্পর্কে বিধান প্রণয়ন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।— এই আইন অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে—

(ক) "অর্পিত সম্পত্তি" অর্থ অর্পিত সম্পত্তি আইনের অধীনে সরকারে ন্যাস্ত সম্পত্তি;

(খ) "অর্পিত সম্পত্তি আইন" অর্থ—

(অ) Defence of Pakistan Ordinance, 1965 (Ord. No. XXIII of 1965) (যাহা ১৬/০২/১৯৬৯ ইং তারিখ পর্যন্ত কার্যকর ছিল);

(আ) উক্ত Ordinance No. XXIII of 1965 এর অধীনে প্রণীত Defence of Pakistan Rules, 1965 এবং উক্ত Rules এর অধীন প্রদত্ত আদেশের যতটুকু দফা (উ)তে উল্লিখিত Act বলে হেফাজতকৃত;

(ই) Enemy Property (Continuance of Emergency Provisional) Ordinance, 1969 (Ord. No. 1 of 1969) (যাহা Act XLV of 1974 দ্বারা রহিত);

(ঈ) Bangladesh (Vesting of Property and Assets) Order, 1972 (P.O. No. 29 of 1972) এর যতটুকু উপ-দফা (অ), (আ) এবং (ই)-তে উল্লিখিত Ordinance এবং Rules এর ক্ষেত্রে প্রযোজ্য হয়;

(উ) Enemy Property (Continuance of Emergency Provisions) (Repeal) Act, 1974 (XLV of 1974); এবং

(ঊ) Vested and Non-resident Property (Administration) Act, 1974 (XLVI of 1974) (যাহা Ord. No. XCII of 1976 দ্বারা রহিত) এর যতটুকু উপ-দফা (অ), (আ) এবং (ই)-তে উল্লিখিত Ordinance এবং Rules এর ক্ষেত্রে প্রযোজ্য হয়;

(গ) "অস্থায়ী ইজারা" অর্থ, অকৃষি জমির ক্ষেত্রে, ১২ (বার) বৎসরের কম মেয়াদী ইজারা এবং কৃষি জমির ক্ষেত্রে, ১৫ (পনের) বৎসরের কম মেয়াদী ইজারা;